চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি.পি.এড) কোর্সে
ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষা অনুষদের অধীনে শারীরিক শিক্ষা বিভাগে ২০১৯ সালের জানুয়ারি হতে এক বছর মেয়াদী ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি.পি.এড) কোর্সে সীমিত আসনে (২৫টি) ভর্তিচ্ছু নিম্নেবর্ণিত যোগ্যতাসম্পন্ন স্নাতক/ স্নাতকোত্তীর্ণ ও খেলাধুলায় পারদর্শী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

আবেদন ফরম চ.বি. শারীরিক শিক্ষা বিভাগ থেকে সংগ্রহ করতে হবে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ডাউনলোড করে নিতে হবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা **২৫ নভেম্বর ২০১৮** তারিখ থেকে **১০ ডিসেম্বর ২০১৮** তারিখের মধ্যে নগদ জমাদানপূর্বক ব্যাংক রশিদসহ আবেদন ফরম চ.বি. শারীরিক শিক্ষা বিভাগে জমা দিয়ে অফিস চলাকালীন সময়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

ভর্তির যোগ্যতা :

১. প্রার্থীকে যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ২.৫০ সহ স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীকে অবশ্যই এক বা একাধিক খেলায় পারদর্শী হতে হবে এবং সাঁতার জানতে হবে।

২. শিক্ষকতা পেশায় নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে ৩১.১২.২০১৮ তারিখে বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের বেলায় বয়সসীমা সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর।

৩. চাকুরীজীবি প্রার্থীদেরকে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে সংগৃহীত অনাপত্তি পত্র (ভর্তির জন্য নির্বাচিত হলে শিক্ষা ছুটি বা Study Leave মঞ্জুর করতে আপত্তি নেই উল্লেখপূর্বক) জমা দিতে হবে।

৪. এই কোর্সে অধ্যয়নকালীন সময়ে কোন ছাত্র/ছাত্রী কোন প্রতিষ্ঠানে চাকুরী বা অন্য কোন কোর্সে অধ্যয়ন করতে পারবে না।

৫. আবেদন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলায় পারদর্শিতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করে দিতে হবে।

লিখিত ভর্তি পরীক্ষার তারিখ	:	**১২ ডিসেম্বর ২০১৮**
লিখিত পরীক্ষার স্থান	:	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জিমনেসিয়াম
লিখিত পরীক্ষার সময়	:	সকাল ১০:০০ টা থেকে ১০:৩০ টা পর্যন্ত

MCQ পদ্ধতিতে ৫০ নম্বরের ভর্তি পরীক্ষা নেয়া হবে। ব্যক্তিগত দক্ষতা ও খেলাধুলায় শারীরিক উপযুক্ততা যাচাই পরীক্ষা সকাল ১১:০০ টায় চ.বি. কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে **(ছাত্র-ছাত্রীদের খেলার পোশাক সাথে নিয়ে আসতে হবে)।**

ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২৫(পঁচিশ) টি আসনে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ	: **১৩ ডিসেম্বর ২০১৮**
মেধা তালিকার ভিত্তিতে ভর্তি শুরুর তারিখ	: **১৭ ডিসেম্বর ২০১৮**
মেধা তালিকার ভিত্তিতে ভর্তির শেষ তারিখ	: **২০ ডিসেম্বর ২০১৮**
ক্লাশ শুরুর তারিখ	: **০১ জানুয়ারি ২০১৯**

বি: দ্র: ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নির্ধারিত ইউনিফর্ম নিজ খরচে তৈরী করতে হবে।

হেল্প লাইন: ০১৭১৮৪৬৫৪৪৬, ০১৮১৩৩৪৪৫৮৮ (সকাল ৯:০০ টা হতে বিকাল ৩:৩০ টা পর্যন্ত)

২০-১১-১৮

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
সদস্য-সচিব
বি.পি.এড কোর্স-২০১৯ ভর্তি কমিটি

/ছদর/

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

এক বছর মেয়াদী বি.পি.এড কোর্সে ভর্তির যোগ্যতা ও নিয়মাবলী

১. এ কোর্সের আসন সংখ্যা ২৫ (পঁচিশ) টি তবে মোট আসনের ৩০% ছাত্রীদের দ্বারা পূরণ করতে হবে এবং ছাত্রী পাওয়া না গেলে ছাত্র দ্বারা তা পূরণ করা যাবে।
২. লিখিত পরীক্ষা ৫০ নম্বর এবং ব্যক্তিগত দক্ষতা ও খেলাধুলায় শারীরিক উপযুক্ততা যাচাই পরীক্ষা ১০০ নম্বরের অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় নূন্যতম ২০ নম্বর এবং ব্যক্তিগত দক্ষতা ও খেলাধুলায় শারীরিক উপযুক্ততা যাচাই পরীক্ষায় ন্যূনতম ৫০ নম্বর পেতে হবে।
৩. বি.পি.এড কোর্সের মেয়াদকাল জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ১ (এক) বছর।
৪. ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং ডিগ্রি স্তরে ন্যূনতম জিপিএ ২.৫০ প্রাপ্ত হতে হবে।
৫. ছাত্র/ছাত্রীর বয়স: সাধারণ ছাত্র-ছাত্রীর সর্বোচ্চ ৩০ বছর এবং চাকুরীজীবি ছাত্র-ছাত্রীর বয়স সর্বোচ্চ ৩৫ বছর (আবেদনকালীন ৩১ ডিসেম্বর তারিখে) হতে হবে।
৬. ছাত্র-ছাত্রীকে সুস্বাস্থ্যের (শারীরিক ও মানসিক) অধিকারী এবং উত্তম সাঁতারু হতে হবে। ছাত্র-ছাত্রীকে অবশ্যই এক/একাধিক খেলাধুলায় পারদর্শী হতে হবে।
৭. বি.পি.এড সার্বক্ষনিক কোর্স। এই কোর্সে অধ্যয়নকালীন সময়ে কোন ছাত্র/ছাত্রী কোন প্রতিষ্ঠানে চাকুরী বা অন্য কোন কোর্সে অধ্যয়ন করতে পারবে না। দ্বৈতভর্তি/চাকুরিরত থাকার বিষয় প্রমাণিত হলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ভর্তি বাতিল যোগ্য হবে।
৮. ছাত্র-ছাত্রীরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্যার এ.এফ. রহমান হল বা আলাওল হল এবং সংশিষ্ট ছাত্রী হলের সাথে সংযুক্ত বলে গণ্য হবে।
৯. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীদের ন্যায় প্রয়োজনীয় ফি পরিশোধ সাপেক্ষে রেজিস্ট্রেশন কার্ড ও আইডি কার্ড প্রদান করা হবে।

ভর্তি পরীক্ষা ও ভর্তির সিডিউল :

১. নির্ধারিত ফরমে আবেদন জমা দেয়ার শেষ তারিখ : **১০ ডিসেম্বর ২০১৮**
২. ভর্তি পরীক্ষার তারিখ : **১২ ডিসেম্বর ২০১৮**
৩. লিখিত পরীক্ষা (৫০ নম্বর) সকাল ১০:০০ টা-১০:৩০ টা পর্যন্ত, স্থান: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জিমনেসিয়াম
৪. ব্যক্তিগত দক্ষতা ও খেলাধুলায় শারীরিক উপযুক্ততা যাচাই পরীক্ষা (১০০ নম্বর) সকাল ১১:০০ টা থেকে স্থান: কেন্দ্রীয় খেলার মাঠ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৫. ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ : **১৩ ডিসেম্বর ২০১৮**
৬. মেধা তালিকার ভিত্তিতে ভর্তি শুরুর তারিখ : **১৭ ডিসেম্বর ২০১৮**
৭. মেধা তালিকার ভিত্তিতে ভর্তির শেষ তারিখ : **২০ ডিসেম্বর ২০১৮**
৮. অপেক্ষমান তালিকা প্রকাশ : **০১ জানুয়ারি ২০১৯**
৯. অপেক্ষমান তালিকা থেকে ভর্তি শুরুর তারিখ : **০২ জানুয়ারি ২০১৯**
১০. অপেক্ষমান তালিকা থেকে ভর্তির শেষ তারিখ : **০৭ জানুয়ারি ২০১৯**
১১. ক্লাশ শুরুর তারিখ : **০১ জানুয়ারি ২০১৯**

ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি.পি.এড)
শারীরিক শিক্ষা বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি.পি.এড) কোর্সে নির্বাচিত ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের কোর্স চলাকালীন ইউনিফর্ম সম্পর্কিত বিজ্ঞপ্তি ঃ

ক্লাস শুরুর পূর্বে ছাত্র-ছাত্রীকে নিজ খরচে নিম্নেবর্ণিত পোশাক তৈরী করে নিতে হবে।

১. বেজার ১টি বটল গ্রীণ (বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত রং মনোগ্রামসহ)
২. ট্র্যাকসুট ১ সেট (বটলগ্রীণ অনুমোদিত ডিজাইন ও মনোগ্রামসহ)
৩. হাফ প্যান্ট/থ্রি কোয়াটার লোয়ার পার্ট ২টি (বটলগ্রীণ)
৪. গেঞ্জী/টি শার্ট ২টি (সাদা)
৫. কেটস ২ জোড়া (সাদা)
৬. মোজা ২ জোড়া (সাদা)
৭. টাই বিশ্ববিদ্যালয় মনোগ্রামসহ (অনুমোদিত) ১টি
৮. কোর্ট পিন বিশ্ববিদ্যালয় মনোগ্রামসহ (অনুমোদিত) ১টি
৯. টি শার্ট বিশ্ববিদ্যালয় মনোগ্রামসহ (অনুমোদিত) ২টি (সাদা)
১০. কালো প্যান্ট/শাড়ী এ্যাস/সেলোয়ার নেভি ব্লু/কামিজ এ্যাস/ (কাল, খয়েরী, নেভি ব্লু, এয়ারফোর্স খাকী, এ্যাস, ঘিয়ে রং)
১১. শার্ট কোড়া সাদা, আকাশি, এয়ারফোর্স খাকী, নীল)
১২. ব্লাউজ (লাল, কাল, নেভী ব্লু, সাদা)

স্বাক্ষরিত/
পরিচালক (ভারপ্রাপ্ত)
শারীরিক শিক্ষা বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

পরিশিষ্ট : ১

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি Paste করে উপরে সত্যায়িত করতে হবে।

শারীরিক শিক্ষা বিভাগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
শিক্ষাবর্ষ:২০১৯

ক্রমিক নং:

বি.পি.এড (ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন) কোর্সে ভর্তি পরীক্ষার আবেদন ফরম

১. আবেদনকারীর নাম : (বাংলায়) --
(মাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুসারে) :(ইংরেজিতে) --
২. পিতার নাম : --
৩. মাতার নাম : --
৪. (ক) জন্ম তারিখ : --
(খ) ৩১.১২.২০১৮ তারিখে বয়স: --
৫. বর্তমান ঠিকানা : --
----
৬. স্থায়ী ঠিকানা : --
----
৭. শিক্ষাগত যোগ্যতা : (এস.এস.সি./সমমান পরীক্ষা হতে উচ্চতর ডিগ্রি পর্যন্ত)

উত্তীর্ণ পরীক্ষার বিবরণ (মানবিক/ বিজ্ঞান/বাণিজ্য উলেখ করতে হবে)	বিদ্যালয়/কলেজ/বিশ্ববিদ্যালয়ের নাম	অধীত বছর .... সন হতে .... সন পর্যন্ত	পাশের বছর	বিভাগ/শ্রেণী/ গ্রেডিং/জিপিএ/ সিজিপিএ

৮. কোন্ কোন্ খেলায় পারদর্শী (দক্ষতার ক্রমানুযায়ী) :
ক) খ) গ) ঘ)
৯. কোন্ খেলায় সর্বোচ্চ পারদর্শী : ------------------------------
১০.পেশাগত অভিজ্ঞতা
ক) বর্তমান পদবি : ------------------------------
যোগদানের তারিখ : ------------------------------
প্রতিষ্ঠানের নাম : ------------------------------
১১. ফোন/মোবাইল নম্বর : ------------------------------

....
তারিখ .... ছাত্র/ ছাত্রীর স্বাক্ষর

✂..

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রবেশ পত্র

(বি.পি.এড কোর্স)

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি Paste করে উপরে সত্যায়িত করতে হবে।

নাম : ------------------------------ পিতার নাম : ------------------------------

মাতার নাম : ------------------------------রোল নং : ------------------

শিক্ষাবর্ষ : ২০১৯ **ভর্তি পরীক্ষার তারিখ : ১২ ডিসেম্বর ২০১৮**

লিখিত পরীক্ষা : সকাল ১০:০০ টা থেকে, স্থান: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জিমনেসিয়াম।
ব্যক্তিগত দক্ষতা ও খেলাধুলায় শারীরিক উপযুক্ততা যাচাই পরীক্ষা: সকাল ১১:০০টা থেকে, স্থান: চ.বি. কেন্দ্রীয় খেলার মাঠ

....
/ছদর/ স্বাক্ষর